

নৌ-ভ্রমণের সেরা কয়েকটি স্থান

- A Monitor Desk Report


Date: 04 May, 2025



ঢাকাঃ নদীমাতৃক বাংলাদেশে নৌকা ভ্রমণ বেশ জনপ্রিয়। দেশের সব অঞ্চলেই কম-বেশি নদী আছে, তবে ভ্রমণপিপাসুদের জন্য দেশের সেরা ৫টি নৌভ্রমণের স্থান তুলে ধরছি।

কাপ্তাই লেক

শহরে চারপাশে পর্যাপ্ত সবুজ গাছ দেখতে না পাওয়ার যে অভূপ্তি, তা এখানে এলে হবে। ছড়িয়ে ছিটেয়ে থাকা সব ছোট ছোট টিলার সবুজ চোখে প্রশান্তি এনে দিবে। দীর্ঘ সময় কাটাতে চাইলে বেছে নিতে পারেন হাউসবোটের মতো বিলাসবহুল নৌকা। কাপ্তাই লেক কিন্তু দেশের বৃহত্তম মানবসৃষ্ট হ্রদ।



মহামায়া লেক-মিরসরাই

ঝর্ণা ও গুহাবেষ্টিত লেকটির পাশের পাহাড়ি ভূখণ্ডও স্বচ্ছ পানি এক মনোমুগ্ধকর দৃশ্য তৈরি করে। চট্টগ্রামের মিরসরাইয়ে অবস্থিত মহামায়া লেক দেশের জনপ্রিয় পর্যটন কেন্দ্রগুলোর মধ্যে একটি। লেকজুড়ে নৌকায় ঘুরে বেড়ানো ছাড়াও এখানে কаяাকিংও করতে পারবেন।

সুন্দরবন

এক্সাইটিং নৌ-ভ্রমণের অন্যতন স্পট কিন্তু সুন্দরবন। বিশ্বের বৃহত্তম ম্যানগ্রোভ। মোহনা, খাঁড়ি, জোয়ার-ভাটা, নদী এবং ছোট ছোট প্রণালী বনজুড়ে ছড়ানো জালের মতো। নৌ-ভ্রমণের তালিকায় আপনাকে সুন্দরবনকে কিন্তু রাখা লাগবে। ভিন্ন ধারার প্রাকৃতিক সৌন্দর্য, চারপাশের জীবন,সমাজ ও বন্যপ্রাণী আপনাকে মুগ্ধ করবেই।

ডাকাতিয়া নদী-চাঁদপুর

চাঁদপুরের ডাকাতিয়া নদীতে নৌভ্রমণে আপনাকে স্বাগতম। কাছ থেকে গ্রামীণ জীবনের ছোঁয়া আর ডাকাতিয়া নদীর রূপ সৌন্দর্য আপনাকে আনন্দ দিবে। নৌকার মাঝি থেকে শুরু করে জেলেদের মাছ ধরার দৃশ্য এবং নদী তীরের বাড়ি- সবই খুঁজে পাবেন ডাকাতিয়ায়।



শীতলক্ষ্যা নদী-নারায়ণগঞ্জ

শহরে এবং গ্রামীণ দৃশ্যপটের এক চমৎকার মিশেল নারায়ণগঞ্জের শীতলক্ষ্যা। সময় স্বল্পতা ও কর্মব্যস্ততায় ভ্রমণের জন্য দেশের নানা প্রান্তে যেতে না পারলেও ঢাকার কাছে শীতলক্ষ্যা নদীতে কিছু চাইলেই নৌকা ভ্রমণ করতে পারেন। শীতলক্ষ্যার তীরে বেশ কয়েকটি শিল্প কারখানা রয়েছে। এই বুটে ট্রলার ও নৌকার পাশাপাশি ক্রুজও চলাচল করে।

-N